করোনা বিএফ-৭, দর্শনা চেক পোস্টে সতর্কতা জারি!

করোনার নতুন উপধরন বিএফ-৭ ঠেকাতে দামুড়হুদা উপজেলার দর্শনা আর্ন্তজাতিক চেকপোস্টে সতর্কতা জারি করা হয়েছে। সম্প্রতি স্বাস্থ্য বিভাগ থেকে এ সংক্রান্ত নির্দেশনা পাওয়ার পর চেকপোস্টে সতর্ক অবস্থায় রয়েছে হেলথ স্ক্রিনিং বুথ।

দামুড়হুদা উপজেলার দর্শনা চেকপোস্ট সূত্রে জানা যায়, ভারত ফেরত নাগরিকদের র্যাপিড অ্যান্টিজেন টেস্টসহ বিভিন্ন ধরনের পরীক্ষা করা হচ্ছে। যাদের বুস্টারডোজ নেওয়া আছে শুধু তাদেরকেই বাংলাদেশে ঢুকতে দেওয়া হচ্ছে।

চেকপোস্ট সূত্রে আরও জানা যায়, দর্শনা চেকপোস্ট দিয়ে প্রতিদিন প্রায় ২০০ থেকে ৩০০ ভারতীয় পাসপোর্টধারী যাত্রী যাতায়াত করে থাকে। এছাড়া ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস সপ্তাহে ৬ দিন এবং প্রতিদিনই কোনো না কোনো মালবাহী ট্রেন ভারত থেকে দর্শনা বন্দরে আসে। স্থলপথে যেসব ভারতীয় পাসপোর্টধারী যাত্রী যাতায়াত করেন শুধু তাদেরই সতর্কতার সাথে র্যাপিড অ্যান্টিজেন টেস্ট করা হচ্ছে।

দর্শনা সীমান্ত চেকপোস্টে কর্মরত স্বাস্থ্য সহকারী শামীম খানঁ জানান, সম্প্রতি স্বাস্থ্য বিভাগ থেকে করোনার নতুন ধরন বিএফ-৭ সনাক্তে সতর্কতার সাথে কাজ করতে বলা হয়েছে। সে মোতাবেক কাজ করা হচ্ছে। তবে লোকবল সংকটের কারণে কার্যক্রম কিছুটা সমস্যা হচ্ছে।

দর্শনা আর্ন্তজাতিক রেলস্টেশনের পরিদর্শক মীর্জা কামরুল হাসান জানান, আন্তর্জাতিক দর্শনা স্টেশনে ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস সপ্তাহে ৬ দিন যাতায়াত করে। দর্শনা স্টেশনে মাত্র ১৫ মিনিটের বিরতি থাকে। শুধুমাত্র খাবার পরিবেশন ও ত্রুু বদলানোর কাজ শেষে স্টেশন ত্যাগ করে মৈত্রী এক্সপ্রেস। এছাড়া ভারতীয় মালবাহী ট্রেনে যারা চালক ও সহকারী হিসেবে আসেন তারা আধঘণ্টার মধ্যেই দর্শনা ছেড়ে চলে যান।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা, হেলেনা আক্তার নিপা জানান, উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে সতর্কতার সাথে সীমান্তে স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম অব্যাহত

আছে। তিনি আরও জানান, দর্শনা চেকপোস্টে স্বাস্থ্য বিভাগ থেকে বর্তমানে ৩ জন পালাক্রমে দায়িত্ব পালন করছেন।

তুষারঝড়ে যুক্তরাষ্ট্রে মৃত বেড়ে ৫০

ক্রমেই প্রাণঘাতী হয়ে উঠছে যুক্তরাষ্ট্রের পরিস্থিতি। ‘সাইক্লোন বোমা’ বা তুষারঝড়ে বিধ্বস্ত গোটা দেশ। এমনকি উত্তর আমেরিকা মহাদেশের একটি বিস্তীর্ণ অংশ প্রবল ঠাণ্ডায় প্রায় জমে গেছে।

আমেরিকার জাতীয় আবহাওয়া দপ্তর জানিয়েছে, উদ্ভূত পরিস্থিতি দেশটির ইতিহাসে বিরল। তা অতীতের শীতের সব রেকর্ড ভেঙে দিতে পারে।

ইতোমধ্যে ঠাণ্ডায় ৫০ জনের মৃত্যু হয়েছে যুক্তরাষ্ট্রের বিভিন্ন প্রান্তে। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

আবহাওয়ার এই বিরূপ পরিস্থিতির মধ্যে উদ্ধারকাজ চালিয়ে যাচ্ছে দেশটির বিপর্যয় মোকাবিলা বাহিনী। কখনো গাড়ির ভেতর থেকে, কখনোবা বরফের আস্তরণের নিচ থেকে মিলছে মৃতদেহ।

আগামী ২৪ ঘণ্টায় আরও কয়েক ইঞ্চি তুষারপাতের পূর্বাভাস দিয়েছে আমেরিকার আরহাওয়া অফিস।

পশ্চিম কানাডায় ইতোমধ্যে তাপমাত্রা পৌঁছে গেছে হিমাঙ্কের ৫৩ ডিগ্রি নিচে। এ ছাড়া মিনাসোটার তাপমাত্রা হিমাঙ্কের ৩৮ ডিগ্রি নিচে, ডালাসের পারদ নেমেছে হিমাঙ্কের ১৩ ডিগ্রি নিচে।

তুষারঝড়ের কারণে আমেরিকার রাস্তায় পুরু বরফের আস্তরণ জমে গেছে। কোথাও কোথাও তার উচ্চতা ৮ থেকে ১০ ফুট। যার ফলে যুক্তরাষ্ট্রে যোগাযোগ ও পরিবহণব্যবস্থা বিপর্যস্ত।

এ পর্যন্ত ১৫ হাজার ফ্লাইট বাতিল করতে হয়েছে। বিদ্যুৎ পরিষেবাও ব্যাহত হয়েছে আমেরিকার বিভন্ন স্থানে। প্রায় ২ লাখ মানুষ বিদ্যুৎহীন অবস্থায় বাস করছেন। কবে পরিস্থিতি স্বাভাবিক হবে, তার

কোনো নিশ্চয়তা নেই।

আবহাবিদরা জানান, এ পরিস্থিতিতে যতটা সম্ভব বাড়ির ভেতর থাকতে হবে। তীব্র ঠাণ্ডায় বাইরে বেরোলে তুষারক্ষত, এমনকি প্রাণহানির সম্ভাবনাও রয়েছে।

কারণ তুষারপাতের পাশাপাশি আমেরিকায় অনবরত চলছে ঝড়োহাওয়া। কনকনে ঠাণ্ডা সেই হাওয়া যেন চাবুক মারছে শরীরে।

সূত্র: যুগান্তর

দর্শনা বন্দর পরিদর্শনে ভারতীয় সহকারী হাইকমিশনার মনোজ কুমার

চুয়াডাঙ্গার দর্শনা আন্তজার্তিক চেকপোষ্ট দিয়ে শিঘ্রই বাংলাদেশ ও ভারতের মধ্যে যাতায়াত ব্যবস্থা চালু করা হবে বলে জানিয়েছেন ভারতীয় সহকারী হাইকমিশনার বাংলাদেশে নিযুক্ত মনোজ কুমার।

তিনি দর্শনা আন্তজার্তিক চেকপোষ্টে পৌছালে তাকে ফুলেল শুভাচ্ছা জানান উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা খাতুন, দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীর, দর্শনা ইমিগ্রেশনের ইনচার্জ এসআই নাইম শেখ ও দর্শনা পৌর মুক্তিযোদ্ধা কমান্ড বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম ও দর্শনা পৌর প্রবীন কমিটির সভাপতি অবসরপ্রাপ্ত অধ্যক্ষ মোশারফ হোসেন।

এসময় তিনি বলেন, ‘আমি দর্শনা স্থলবন্দর চেকপোস্টের সব কিছু পরিদর্শন করলাম। এখানে কর্মকর্তাদের সঙ্গে কথা বলেছি। সবার মতামত নিয়েছি। খুব শিঘ্রই এ বন্দর দিয়ে যাতায়াত চালুর জন্য ব্যবস্থা নেওয়া হবে।’ শনিবার দুপুর ১২ টার দিকে দর্শনা স্থলবন্দর চেকপোস্ট পরিদর্শন করেন মনোজ কুমার। এর পর দর্শনা বন্দরের ইমিগ্রেশন ও কাস্টম অফিস পরিদর্শন করেন তিনি। দর্শনা বন্দর পরিদর্শনের আগে কুষ্টিয়াতে ভারতীয় ভিসা সেন্টারের জন্য নির্ধারিত

স্থান পরিদর্শন করেন সহকারী হাইকমিশনার মনোজ কুমার।

এ ভিসা সেন্টারটি কুষ্টিয়া, পাবনা, ঝিনাইদহ, মেহেরপুর, চুয়াডাঙ্গাসহ এ অঞ্চলের মানুষের জন্য নির্মিত হচ্ছে। এ সেন্টারটি চালু হলে ভারতীয় ভিসার জন্য এ অঞ্চলের মানুষকে আর রাজশাহীতে যেতে হবে না বলেও জানান তিনি। দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু জানান, হাইকমিশনার দর্শনা বন্দর দিয়ে দুদেশের মধ্যে যাতায়াত চালু করার কথা দিয়েছেন। এ জন্য তিনি পরিদর্শন করেছেন। বন্দর পরিদর্শন শেষে সহকারী হাইকমিশনার মেহেরপুরের উদ্দেশে রওনা দেন।

সহকারী হাইকমিশন মনোজ কুমারের সঙ্গে উপস্থিত ছিলেন, তিনার সহধর্মিনী রোজী কুমার ও অফিসিয়াল কর্মকর্তা পাপন রায়। এ সময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা খাতুন, অতিরিক্ত পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) মুন্না বিশ্বাস, দর্শনা পৌরসভার প্যানেল মেয়র রবিউল হক সুমন, দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীর, বিজিবির আইসিপি কমান্ডার আব্দুল জলিল, ইমিগ্রেশন ইনচার্জ এসআই নাঈম শেখ, কাস্টম কর্মকর্তা নাজমুল হক ও রাশেদুজ্জামান।

পরিদর্শন শেষে বৈধ পথে সহকারী হাই কমিশনার মনোজ কুমারসহ তিন সদস্যর একটি প্রতিনিধি দল দর্শনা চেকপোষ্ট দিয়ে ভারতে যান।এর ১ ঘন্টা পরে ভারত থেকে আবার দর্শনা চেকপোষ্ট দিয়ে ফিরে আসেন।

যুক্তরাষ্ট্র যেন ডিপ ফ্রিজ

যুক্তরাষ্ট্রে বইছে তীব্র শীতকালীন ঝড়, যাকে বলা হচ্ছে ‘বোম্ব সাইক্লোন’। এই ঝড়ের কারণে তাপমাত্রা শুধুই নামছে। যুক্তরাষ্ট্রের অনেক জায়গার তাপমাত্রা মাইনাস ৪৫ ডিগ্রি সেলসিয়াসের নিচে চলে গেছে। যে কারণে যুক্তরাষ্ট্র এখন ‘ডিপ ফ্রিজে’ পরিণত হয়েছে বলে মন্তব্য করেছে ব্রিটিশ সংবাদমাধ্যম ডেইলি মেইল।

বলা হচ্ছে, যুক্তরাষ্ট্রের অনেক এলাকা এখন মঙ্গল গ্রহের চেয়ে শীতল হয়ে গেছে। পরিস্থিতি এমন যে, মন্টানা অঙ্গরাজ্যে গরম পানি উপরে ছুড়ে মারলে মুহূর্তের মধ্যে তা বরফে পরিণত হচ্ছে। ঝড়ের কারণে এখন পর্যন্ত কমপক্ষে ১৯ জনের মৃত্যু হয়েছে। বেশির ভাগেরই মৃত্যু হয়েছে সড়ক দুর্ঘটনায়। ১৫ লাখের বেশি মানুষ এখন বিদ্যুৎহীন অবস্থায় রয়েছেন। এদিকে ঝড়ের কারণে সৃষ্ট বৈরী আবহাওয়ায় যোগাযোগব্যবস্থা ব্যাহত হচ্ছে।

ব্যাপক তুষারপাতের কারণে অনেক রাস্তা গাড়ি চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। বিমান চলাচল ব্যাহত হওয়ায় বড়দিনের এই ছুটির সময়ে লাখ লাখ মানুষ বিড়ম্বনার মুখে পড়েছেন। খবর সিএনএন ও বিবিসির।

বোম্ব সাইক্লোন বলতে এমন এক ঝড়কে বোঝায়—যার প্রকোপ খুব অল্প সময়ের মধ্যে তীব্র থেকে তীব্রতর হয়, এর কেন্দ্রীয় বায়ুচাপ ২৪ ঘণ্টার মধ্যে কমপক্ষে ২৪ মিলিবার কমে যায়। এক প্রজন্মে এ ধরনের ঝড় সম্ভবত একবারই দেখা যায়। এই শীতকালীন ঝড়ের কারণে আবহাওয়া সতর্কতার মুখে রয়েছে ২০ কোটির বেশি মানুষ।

এই সতর্কতা এক উপকূল থেকে আরেক উপকূল পর্যন্ত, সর্ব দক্ষিণে মার্কিন-মেক্সিকো সীমান্ত এবং সানশাইন রাজ্য ফ্লোরিডা পর্যন্ত জারি করা হয়েছে।

ঝড়ের কারণে উইসকনসিন, ইলিনয়, ইন্ডিয়ানা, মিশিগান এবং ওহাইও অঙ্গরাজ্যের কিছু অংশে ভারী তুষারপাতের পূর্বাভাস দেওয়া হয়েছে। ন্যাশনাল ওয়েদার সার্ভিস বলেছে, প্রশান্ত মহাসাগরীয় উত্তর-পশ্চিম অংশে বরফের বৃষ্টি হতে পারে। হাড় হিম করা এই চরম আবহাওয়ায় সাড়ে ১২ লাখের বেশি বাড়ি এবং ব্যবসাপ্রতিষ্ঠানে বিদ্যুত্সংযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে। নর্থ ক্যারোলিনা অঙ্গরাজ্যেই দেড় লাখের বেশি মানুষ শুক্রবার বিদ্যুত্হীন ছিল।

যুক্তরাষ্ট্রের কয়েকটি শহরে বিমান চলাচল প্রায় বন্ধ হয়ে গেছে। গত শুক্রবার এক দিনেই ৪ হাজার ৪০০-এর বেশি ফ্লাইট বাতিল হয়েছে। সবচেয়ে বেশি ফ্লাইট বাতিল হয়েছে, সিয়াটল-টাকোমা ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট, নিউ ইয়র্কের লাগর্ডিয়া এবং শিকাগোতে। নিউ ইয়র্কের বাফালো নায়াগ্রা ইন্টারন্যাশনাল এয়ারপোর্টে বৈরী আবহাওয়ার কারণে বিমান ওঠা-নামা বন্ধ করে দেওয়া হয়েছে।

এছাড়া শুক্রবার ৫ হাজার ৭৫০টির বেশি ফ্লাইট বিলম্বিত হয়েছে। শুধু বিমান নয়, বাস চলাচলও বিঘ্নিত হচ্ছে। ভারী তুষারপাতের কারণে নিউ

ইয়র্ক, সাউথ ডাকোটা ও মিনেসোটার রাস্তায় অনেক গাড়িচালক আটকা পড়েছেন। যাদের জরুরি ভিত্তিতে উদ্ধারের প্রচেষ্টা চলছে।

সূত্র: ইত্তেফাক

ইউক্রেনজুড়ে ব্যাপক ক্ষেপণাস্ত্র-ড্রোন হামলা, কয়েকটি শহর বিদ্যুৎহীন

ইউক্রেনজুড়ে ব্যাপক ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে রাশিয়া। আজ শুক্রবার রাজধানী কিয়েভসহ উত্তরে খারকিভ, দক্ষিণে ওদেসা ও মধ্যাঞ্চলীয় ক্রিভিহ রিহ শহরেও হামলার ঘটনা ঘটে। জ্বালানি অবকাঠামোয় হামলার কারণে কয়েকটি শহরে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেছে।

চলতি সপ্তাহে ইউক্রেনের শহরগুলোয় হামলার তীব্রতা বাড়িয়েছে রাশিয়া। এসব হামলায় দেশটির বেসামরিক অবকাঠামোকে লক্ষ্যবস্তু করা হয়েছে বলে অভিযোগ করে আসছে কিয়েভ।

হামলার পর খারকিভে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেছে। কিয়েভে তিনটি বিস্ফোরণের শব্দ শোনা গেছে। ক্রিভিহ রিহ শহরে একটি আবাসিক ভবনে হামলার ফলে সম্ভাব্য হতাহতের বিষয়ে সতর্ক করেছেন কর্মকর্তারা।

আরও কয়েকটি শহরে হামলা হয়েছে। গোটা ইউক্রেনে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার সাইরেন বাজানো হয়। দক্ষিণাঞ্চলীয় মিকোলাইভ শহরের মেয়র ভিতালি কিম বলেন, ৬০টির মতো ক্ষেপণাস্ত্র ছোড়া হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

রাশিয়া সীমান্তবর্তী ইউক্রেনের উত্তরাঞ্চলীয় সুমি শহরও বিদ্যুৎ–বিচ্ছিন্ন। পাশাপাশি মধ্যাঞ্চলীয় পোলতাভা ও ক্রেমেনচুক শহরেও বিদ্যুৎ নেই।

কিয়েভের মেয়র ভিতালি ক্লিৎসকো বলেন, শহরের তিনটি এলাকায় হামলা

হয়েছে। জ্বালানি অবকাঠামো ক্ষতিগ্রস্ত হওয়ায় পানি সরবরাহ বিঘ্নিত হয়েছে। কিছু সময়ের জন্য শহরের মেট্রোরেল পরিষেবাও বন্ধ হয়ে যায়।

আঞ্চলিক প্রশাসনের প্রধান ওলেকসি কুলেবা বলেন, ‘ব্যাপকভাবে ইউক্রেনে হামলা’ চালাচ্ছে রাশিয়া।

দক্ষিণে জাপোরিঝঝিয়ায় ১৫টি ক্ষেপণাস্ত্র ছোড়া হয়েছে বলে জানা গেছে। উত্তর-পশ্চিমাঞ্চলীয় জিতোমির অঞ্চলের কর্মকর্তারা বলেন, প্রাথমিক তথ্য অনুযায়ী একই সময় ওই অঞ্চলে রাশিয়া রকেট ও আত্মঘাতী (কামিকাজে) ড্রোন হামলা চালিয়েছে।

জ্বালানি অবকাঠামোয় রুশ হামলার কারণে লাখো ইউক্রেনীয় বর্তমানে বিদ্যুৎহীন অবস্থায় রয়েছে। তীব্র শীতের মধ্যে বিদ্যুৎ না থাকায় তারা নিজেদের ঘরের তাপমাত্রা স্বাভাবিক রাখতে পারছে না।

রাশিয়ার এ ধরনের হামলার পরিপ্রেক্ষিতে ইউক্রেনের আকাশ প্রতিরক্ষাব্যবস্থা শক্তিশালী করতে পশ্চিমা মিত্রদের প্রতি আহ্বান জানিয়ে আসছে কিয়েভ। এরই পরিপ্রেক্ষিতে ইউক্রেনকে প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষাব্যবস্থা পাঠানোর পরিকল্পনা চূড়ান্ত করছে যুক্তরাষ্ট্র।

সূত্র: বিবিসি

নির্বিঘ্ন ইন্টারনেট সেবার আহ্বান ২০ আন্তর্জাতিক সংগঠনের

দেশে ইন্টারনেট সেবা নির্বিঘ্ন রাখতে ২০টি আর্ন্তজাতিক সংগঠন আহ্বান জানিয়েছে। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) ও অ্যাসোসিয়েশন অব মোবাইল টেলিকম অপারেটরস অব বাংলাদেশসহ (অ্যামটব) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর প্রতি এ আহ্বান জানানো হয়েছে। শুক্রবার (৯ ডিসেম্বর) সংগঠনগুলো বিটিআরসি ও অ্যামটবকে দেওয়া চিঠিতে এ আহ্বান জানান।

চিঠিতে উল্লেখ করা হয়েছে, বিগত কয়েক সপ্তাহে বাংলাদেশে মানবাধিকার সুস্পষ্টভাবে লঙ্ঘিত হয়েছে এবং ইন্টারনেটের গতি কমিয়ে দেওয়া হয়েছে। এর সঙ্গে বিরোধী দলের চলমান বিক্ষোভ এবং আসন্ন ১০ ডিসেম্বের সমাবেশের সম্পর্ক রয়েছে।

মানবাধিকার রক্ষায় অব্যাহত, নিরাপদ, নির্ভরযোগ্য ইন্টারনেট সেবার ব্যবস্থা করা জরুরি বলেও সংগঠনগুলো মনে করছে।

সংগঠনগুলো হলো- ডিজিটাল প্ল্যাটফর্মে মানবাধিকার নিয়ে কাজ করা অ্যাকসেস নাউ, আফ্রিকান ফ্রিডম অব এক্সপ্রেশন এক্সচেঞ্জ (এএফইএক্স), আফ্রিকান ফ্রিডম অব ইনফরমেশন সেন্টার (এএফআইসি), আফ্রিকা ওপেন ডেটা অ্যান্ড ইন্টারনেট রিসার্চ ফাউন্ডেশন, আর্টিকেল নাইনটিন, আর্টিকেল নাইনটিন সাউথ এশিয়া, সেন্টার ফর কমিউনিটি এমপাওয়ারমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট (মালাওই), সেন্টার ফর মিডিয়া স্টাডিজ অ্যান্ড পিসবিল্ডিং (সিইএমইএসপি), কমন কজ জাম্বিয়া, ইন্টারন্যাশনাল প্রেস সেন্টার (আইপিসি), জেসিএ–নেট (জাপান), কিজিজি ইতু (কেনিয়া), মানুষিয়া ফাউন্ডেশন, মিডিয়া ফাউন্ডেশন ফর ওয়েস্ট আফ্রিকা (এমএফডব্লিউএ), অফিস অব সিভিল ফ্রিডম, পেন আমেরিকা, উজুয়ারিয়স ডিজিটালস, ইউটনেস, উইকিমিডিয়া উগান্ডা, ওমেন অব উগান্ডা নেটওয়ার্ক।

সংগঠনগুলোর পরিচয়ে বলা হয়েছে, কিপইটঅন জোটের সদস্য এই সংগঠনগুলো ১০৫টি দেশে ইন্টারনেট সেবা অব্যাহত রাখার বিষয়ে কাজ করে থাকে। এই জোটের সদস্য ২৮০টি।

দর্শনা সীমান্তে স্বর্ণ চোরাচালান অভিযানে ভারতীয় ২ নাগরিকসহ আটক ৩

চুয়াডাঙ্গায় বিজিবি ও যশোর কাষ্টমস শুল্ক গোয়েন্দার পৃথক ২টি অভিযানে ভারতীয় ২ নাগরিকসহ ৩ জনকে আটক করেছে।

উদ্ধার করা হয় ভারতীয় নাগরিককের জুতার ভিতর থেকে ১১ টি ও মোটরসাইকেলের ভিতর থেকে ১০টি স্বর্ণের বার । এ ঘটনায় দর্শনা থানা ও দামুড়হুদা থানায় ২ টি পৃথক ভাবে মামলার প্রস্তুতি চলছে।

বৃহস্পতিবার (০৮ ডিসেম্বর) সকাল থেকে প্রায় ১ টা পযন্ত এ অভিযান চালায়। চুয়াডাঙ্গার দর্শনা সীমান্ত চেকপোষ্ট ও চুয়াডাঙ্গা - দর্শনা মহা সড়কের স্বর্ণ চোরাচালানী এই অভিযান পরিচালনা করে।

এ অভিযানে স্বর্ণসহ আটককৃতরা হলো ভারতের কলকাতা শহরের তালজালা এলাকার চুনাইলাল গুপ্তা ছেলে যার পাসপোর্ট নং T৪৩১৬০৯১ অনুপ কুমার গুপ্তা (৪২) কলকাতা শহরের জোড়াবাগান এলাকার রমেশ রায়ের ছেলে যার পাসপোর্ট নং z ৫২৩৯২২৩ রাজেস কুমার গুপ্তা (৪৬) ও চুয়াডাঙ্গা জেলার বেলগাছি গ্রামের আরিফ বিল্লাহ’র ছেলে মারুফ বিল্লাহ (২৮)কে আটক করে।

জানাগেছে, বৃহস্পতিবার সকালে গোপন সংবাদের ভিক্তিতে যশোর বেনাপোল কাষ্টমস শুল্ক গোয়েন্দার রাজস্ব কর্মকর্তা আব্দুর রহিমের নেতৃত্বে দর্শনা চেকপোষ্ট অভিযান চালিয়ে ১১ টি স্বর্ণের বারসহ ভারতীয় ২ নাগরিককে আটক করে। অপরদিকে গোপন সংবাদের ভিক্তিতে যশোর ৪৯ বিজিবি ব্যাটিলিয়নের অধিনায়ক লেঃ কর্নেল শাহেদ মিনহাজ সিদ্দিকীর নেতৃত্বে দর্শনা ফায়ার সার্ভিসের সামনে থেকে ১০ টি স্বর্ণের বার সহ মারুফ বিল্লাহ কে একটি মটরসাইকেল সহ আটক করে। যার মূল্য প্রায় ১ কোটি টাকা। শুল্ক গোয়েন্দার হাতে আটককৃত স্বর্ণের মূল্য প্রায় ৪৫ লক্ষ টাকা বলে জানা যায়।

এ ঘটনায় দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন আমি শুনেছি স্বর্ণ উদ্ধার হয়েছে। তবে এখনো পর্যন্ত কোন মামলা হয়নি।

ভারত থেকে ১৭ লাখ ভিডিও সরালো

ইউটিউব

গুগলের মালিকানাধীন ইউটিউব ভারত থেকে আপলোড করা ১৭ লাখ ভিডিও সরিয়ে দিয়েছে। কমিউনিটি গাইডলাইন লঙ্ঘনের দায়ে সম্প্রতি এসব ভিডিও মুছে দেওয়া হয়। খবর ইন্ডিয়া টাইমস।

ত্রৈমাসিক এক প্রতিবেদনে ইউটিউব জানিয়েছে, কমিউনিটি নির্দেশিকা লঙ্ঘনের জন্য জুলাই থেকে সেপ্টেম্বর তিন মাসে ভারত থেকে আপলোড করা ১৭ লাখেরও বেশি ভিডিও সরিয়ে দিয়েছে ইউটিউব।

প্রতিবেদনে আরও বলা হয়, যন্ত্র দিয়ে শনাক্ত করা ভিডিওগুলোর মধ্যে ৩৬ শতাংশ কেউ দেখার আগেই সরিয়ে ফেলা হয়। ৩১ শতাংশ ভিডিও সরিয়ে নেওয়ার আগে ১ থেকে ১০ বার দেখা হয়েছিল।

এছাড়াও, কমিউনিটি গাইডলাইনের পাশাপাশি হোস্টিং প্ল্যাটফর্ম নির্দেশিকা লঙ্ঘন করায় বহু চ্যানেল বন্ধের পাশাপাশি ৭৩ কোটিরও বেশি মন্তব্যও সরিয়ে দিয়েছে ইউটিউব।

মেহেরপুরে ভারত থেকে পাসপোর্ট বিহীন বাংলাদেশে প্রবেশ, যুবক আটক

পাসপোর্ট বিহীন অবৈধভাবে ভারত থেকে বাংলাদেশে প্রবেশের সময় সানোয়ার হোসেন (৩২) নামের এক বাংলাদেশীকে আটক করেছে বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি) ঝাঁঝা বিওপি ক্যাম্প। আটক সানোয়ার হোসেন মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামের ফারুক হোসেনের ছেলে।

আজ বুধবার (৩০ নভেম্বর) বেলা আড়াইটার সময় সদর উপজেলার ঝাঁঝাঁ সীমান্তের আন্তর্জাতিক পিলার ১২১/৩ এস এর নিকট থেকে তাকে বিজিবির একটি টহল দল আটক করেন।

৬ বিজিবি’র ঝাঁঝাঁ বিওপি কমান্ডার নায়েক সুবেদার কাজী আজাদ এ তথ্য নিশ্চিত করেন।

নায়েক সুবেদার কাজী আজাদ বলেন, সানোয়ার হোসেন ভারত থেকে পাসপোর্ট বিহীন অবৈধভাবে ভারত থেকে বাংলাদেশে প্রবেশের সময় বিজিবির টহল দল তাকে আটক করে। আটক সানোয়ার হোসেনের বিরুদ্ধে পাসপোর্ট আইনে মামলা দিয়ে মেহেরপুর সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

হুয়াওয়ে, জেডটিইর পণ্য বিক্রিতে যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা

হুয়াওয়ে, জেডটিইসহ পাঁচ চীনা প্রতিষ্ঠানের যোগাযোগপ্রযুক্তি পণ্য বিক্রি এবং আমদানিতে নিষেধাঞ্জা আরোপ করেছে যুক্তরাষ্ট্র। জাতীয় নিরাপত্তার স্বার্থে এমন পদক্ষেপ নিয়েছে দেশটি। হুয়াওয়ে, জেডটিই ছাড়াও নিষেধাজ্ঞার এ তালিকায় রয়েছে দাহুয়া, হিকভিশন ও হাইটেরা। এই প্রতিষ্ঠানগুলো ভিডিও নিরাপত্তা সরঞ্জাম এবং দ্বিমুখী (টু ওয়ে) বেতারব্যবস্থা (রেডিও সিস্টেম) তৈরি করে।

তবে হিকভিশন বলছে, তাদের উৎপাদিত পণ্যে যুক্তরাষ্ট্রের নিরাপত্তারঝুঁকির উপস্থিতি নেই। প্রতিষ্ঠানটি বলছে, যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা রক্ষায় এ সিদ্ধান্ত তেমন ভূমিকা রাখবে না। বরং দেশটির ছোট ব্যবসা, স্থানীয় কর্তৃপক্ষ, স্কুল এলাকা এবং মানুষের সুরক্ষা–সমস্যা ও খরচ বাড়াবে।

এর আগে হুয়াওয়ে এবং অন্যান্য প্রতিষ্ঠান চীনা সরকারের কাছে তথ্য সরবরাহের অভিযোগ অস্বীকার করে। এক বিবৃতিতে যুক্তরাষ্ট্রের ফেডারেল কমিউনিকেশনস কমিশনের (এফসিসি) প্রধান জেসিকা রোজেনওয়ালেস বলেন, ‘অনাস্থা রয়েছে এমন যোগাযোগপ্রযুক্তি পণ্য যাতে আমাদের সীমানায় ব্যবহৃত না হয়, এ জন্য এফসিসি জাতীয় নিরাপত্তা রক্ষায় দৃঢ় প্রতিজ্ঞ।’ টেলিযোগাযোগ নিয়ে জাতীয়